

Majumdar, Munindranath  
 „ Sachindranath  
 Mukhopadhyay, Satyendranath  
 Pattanayak, Rambandhu  
 Ray, Makhanlal  
 „ Nagendranath  
 Sarkar, Birendramohan

Sarkar, Harendrakrishna  
 Sen, Harendrakumar  
 „ Ramanirajan  
 Sen Gupta, Pratulchandra  
 Sil, Madanmohan  
 Tagore, Kausikinandan

## দাদাভাই নোরোজীর পরলোক-গমনে ।

ডুবে' গেছে আজ, একটা গরু, একটা দীপ্তরবি,  
 মুছে গেছে এই, ভারত হ'তে, একটা স্নিগ্ধ ছবি ।  
 চলে' গেছে এক শাস্ত জ্যোতি, মোদের আঙ্গিনা হ'তে,  
 আঁধারে ফেলিয়া, গিয়াছে চলিয়া, ফিরিবে না এ জগতে ।  
 নিভে গেছে, এক মহান্ গ্রাণ, সোণার ভারত মাঝে,  
 একটা বিরাট দুঃখ-কান্না, সবার হৃদয়ে বাজে ।  
 ছিঁড়িয়াছে আজ বীণার তার হয়েছে বিকল সুর,  
 একটা বিশাল যন্ত্রণা আজ দহিছে হৃদয়পুর ।  
 জানাবে কে আর মেঘমল্লৈ ভারতের যত কথা,  
 থাকিয়া সুদূর ব্রিটন দেশে সহিয়া দুঃখ-ব্যথা ?  
 করিবে কে আর জীবন-পাত শিক্ষা-নীতির তরে,  
 নিম্ন হইতে উঠিবে কে আর এমন উচ্চশিরে ?  
 আঁধার ভারত, অন্ধ জগৎ, অস্তমিত রবি হায়,  
 বাণী নাহি সরে, শুক্ক ধমনী, বুদ্ধি জড়প্রায় ।

শ্রীভোলানাথ মুখোপাধ্যায়,  
 দ্বিতীয় বার্ষিক শ্রেণী, 'বি' শাখা ।

## উচ্চ-আশা ।

রাজসভা মাঝে  
 কিছু নাহি তা'র  
 শিক্ষা-অগ্নি দিন  
 নাহি ধন-আশা

এসেছিল যোগী  
 হইয়াছে ত্যাগী  
 করে সে ষাপন  
 স্তম্ভী অহুঙ্কণ ।